



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নংঃ সিশিবো/পনি/মাধ্য/৪(ক)/২০১৭/০৪

তারিখ : ১২/০১/২০১৭ খ্রিঃ

প্রাপক : কেন্দ্র সচিব

এস এস সি পরীক্ষা ২০১৭

(সিলেট বোর্ডের আওতাধীন সকল কেন্দ্র)

বিষয় : ২০১৭ সালে অনুষ্ঠিতব্য এস এস সি পরীক্ষার পরীক্ষা সংক্রান্ত মালামাল ও আনুষঙ্গিক কাগজপত্রাদি গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের এস এস সি পরীক্ষার পরীক্ষার্থীদের ডেসক্রিপটিভ রোল, প্রবেশপত্র, পরীক্ষায় ব্যবহারের জন্য মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র ও নম্বরশিট (OMR) নিম্নে উল্লেখিত তারিখে বিতরণ করা হবে। সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রাধিকার পত্রসহ সংশ্লিষ্ট ব্যক্তি উপস্থিত হয়ে কাগজপত্র গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা গেল।

রীতিমত পাবলিক পরীক্ষা গ্রহণের লক্ষ্যে জরুরী ও গুরুত্বপূর্ণ বিষয়ে মত বিনিময় সভায় সকল কেন্দ্রের সম্মানিত কেন্দ্র সচিববৃন্দকে নিম্নবর্ণিত তারিখ বেলা ১১.০০ টায় শিক্ষা বোর্ড মিলনায়তনে স্বশরীরে উপস্থিত থাকতে অনুরোধ করা গেল। উল্লেখ্য, যাতায়াতের জন্য শিক্ষা বোর্ড থেকে কোন টি এ/ডি এ প্রদান করা হবে না। উক্ত সভা খুব গুরুত্বপূর্ণ বিষয় কখন প্রতিনিধির উপস্থিতি কাম্য নয়।

তারিখ : সুনামগঞ্জ জেলা	: ২৩/০১/২০১৭ (সোমবার)
হবিগঞ্জ জেলা	: ২৪/০১/২০১৭ (মঙ্গলবার)
মৌলভীবাজার জেলা	: ২৫/০১/২০১৭ (বুধবার)
সিলেট জেলা	: ২৬/০১/২০১৭ (বৃহস্পতিবার) [কোম্পানীগঞ্জ, জৈন্তাপুর, কানাইঘাট, বিয়ানীবাজার, জকিগঞ্জ, বালাগঞ্জ, গোয়াইনঘাট এবং ওসমানীনগর উপজেলা]
সিলেট জেলা	: ২৮/০১/২০১৭ (শনিবার) [সিলেট সদর, দক্ষিণ সুরমা, গোলাপগঞ্জ, ফেঞ্চুগঞ্জ ও বিশ্বনাথ উপজেলা]

বিঃদ্রঃ

- (১) ২০১৭ সালের এস এস সি পরীক্ষায় পরীক্ষা সংশ্লিষ্ট সকল প্রকার ফরম বোর্ডের ওয়েবসাইটের ফ্রন্ট পেইজের 'Exam related Forms' অপশন থেকে Zip ফাইল ডাউনলোড করে Extract করতে হবে। এতদবিষয়ে বোর্ড থেকে কোন ধরনের ফরম দেয়া হবে না।
- (২) প্রবেশপত্র প্রাপ্তির ০২ (দুই) দিনের মধ্যে অনভিপ্রেত ভুলত্রুটি সংশোধন করে নিতে হবে। পরীক্ষা শুরুর পর প্রবেশপত্রে কোন ধরনের সংশোধন করা যাবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মোঃ সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট।

স্মারক নংঃ সিশিবো/পনি/মাধ্য/৪(ক)/২০১৭/০৪

তারিখ : ১২/০১/২০১৭ খ্রিঃ

অবগতি ও কার্যার্থে অনুলিপি :

১. সচিব, অত্র শিক্ষা বোর্ড।
২. জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
৩. উপজেলা নির্বাহী কর্মকর্তাবৃন্দ, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৪. সিস্টেম এনালিস্ট, অত্র শিক্ষা বোর্ড।
৫. হিসাব রক্ষণ কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড।
৬. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৭. স্টোর কিপার, অত্র শিক্ষা বোর্ড।
৮. সংরক্ষণ নথি।

(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট।